# মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি

MOULVIBAZAR PALLI BIDYUT SAMITY
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৮৬২৬-৭১৪৫৩ @ mbazar_pbs@yahoo.com
pbs.moulvibazar.gov.bd

ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৫৮৮৩.৫০৬.০২.০০৮.২১. ৯৬১৯

তারিখঃ ০৪ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ
১৮ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

## আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নোক্ত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি চাকুরীবিধি-১৯৯২ (সংশোধিত ২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে শূণ্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/ মেম্বার সার্ভিস কো-অর্ডিনেটর<br>পদের সংখ্যা - ০৫ টি (কম/বেশী হতে পারে) | ক) ওয়্যারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে নূন্যতম ১০(দশ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে ।<br>অথবা<br>ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল/পাওয়ার ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রাপ্তদের ওয়্যারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে নুন্যতম ০৫(পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>গ) ওয়্যারিং করার মালামাল এবং প্রয়োজনীয় যন্ত্রাংশ সম্পর্কে জ্ঞান ও দক্ষতা থাকতে হবে।<br>ঘ) সংশ্লিষ্ট পদে সর্বশেষ ০৩(তিন) বছরের কর্মমূল্যায়নের রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>ঙ) জনগণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে।<br>চ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০.৫১ অনুযায়ী প্রযোজ্য সকল শর্তসমূহ পূরণ করতে হবে। |

### শর্তাবলীঃ

০১। আবেদনকারীগণকে খামের উপর পদের নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদন পত্রে নিজের নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্মতারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণের তারিখ ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ আগামী **০৭/০৪/২০২১ খ্রিঃ** তারিখ **রোজ বুধবার** বেলা ১১:০০ ঘটিকার সময় প্রার্থীগণকে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর শ্রীমঙ্গল, মৌলভীবাজারে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। আবেদন পত্রে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি এজিএম(এইচআর/ প্রশাসন) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ-

(ক) সাম্প্রতিক তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি,

(খ) সর্বশেষ ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি,

(গ) শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি,

(ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি,

(ঙ) চাকুরীতে নিয়মিতকরণের তারিখ উল্লেখপূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি,

(চ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের সত্যায়িত ফটোকপি,

(ছ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫(পাঁচ) বছরের দন্ড উল্লেখ পূর্বক বর্তমান বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

০২। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসরত প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।

০৩। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বৎসরের জন্য "চলতি দায়িত্বে" নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরৎ অথবা সার্ভিস কোড/ নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৪। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৫। তথ্য গোপন করে যদি কেহ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকেই চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না/আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।।

০৭। বিভাগীয় তদন্ত চলমান/শৃঙ্খলাজনিত কোন অভিযোগ রয়েছে, এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৮। সর্বশেষ ০৩(তিন) বৎসরের মধ্যে কোনরূপ গুরুদন্ড এবং সর্বশেষ ০১(এক) বৎসরের মধ্যে কোনরূপ লঘুদন্ডে দন্ডিত, বিগত ০৫(পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত, বিগত ০৪(চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত, বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তানুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন, তাদের আবেদন করার প্রয়োজন নাই।

১০। বর্ণিত পদে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

১১। যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১২। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। নিয়োগ সংক্রান্ত যে কোন ব্যাপারে কর্তৃ পক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

( জিয়াউর রহমান )
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপিঃ ( সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধসহ )

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি এর দপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,............................................পবিস ১/২/৩/৪।
০৫। ডিজিএম, সদর দপ্তর-কারিগরি/বড়লেখা/মৌলভীবাজার/রাজনগর/কমলগঞ্জ জোনাল অফিস, মৌলভীবাজার পবিস।
০৬। এজিএম(প্রশাসন/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/অর্থ-রাজস্ব/অর্থ-হিসাব), মৌলভীবাজার পবিস।
০৭। জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি), মৌলভীবাজার পবিস (অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৮। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, মৌলভীবাজার পবিস।
০৯। অফিস ফাইল/মাস্টার ফাইল।

( জিয়াউর রহমান )
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)